

2 0 1 6

BENGALI

(Major)

Paper : 5.3

Full Marks : 60

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

১। নির্দেশানুযায়ী উত্তর দাও :

১×৭=৭

(ক) “আপাততঃ আমার চেয়ে সুছকায় ব্যক্তি বোধহয়
ভারতবর্ষে আর কেহ নাই।” বক্তার নাম

- (১) দিলদার
- (২) যশোবন্ত সিংহ
- (৩) মহম্মদ
- (৪) জাহানারা

(শুদ্ধ উত্তর বেছে লেখো)

(খ) ‘ধন ধান্য পুষ্পভরা...’ গীতটির গায়ক

- (১) বালিকারা
- (২) বালকেরা
- (৩) পিয়ারা
- (৪) মহামায়া

(শুদ্ধ উত্তর বেছে লেখো)

(গ) শ্রীনগরের রাজার নাম ('সাজাহান')

(১) দুর্লভ সিংহ

(২) শার্দূল সিংহ

(৩) জয় সিংহ

(৪) পৃথ্বী সিংহ

(শুদ্ধ উত্তর বেছে লেখো)

(ঘ) 'সাজাহান' নাটকের প্রথম সংলাপ উচ্চারণ করেছেন

(১) সাজাহান

(২) জাহানারা

(৩) নাদিরা

(৪) দারা

(শুদ্ধ উত্তর বেছে লেখো)

(ঙ) 'ছেঁড়া তার' নাটকে 'ফালি চান্দের নাও ভাসি যায়' গানটি কে গেয়েছেন?

(১) রহিমুদ্দি

(২) গোবিন্দ

(৩) মায়া

(৪) মহিম

(শুদ্ধ উত্তর বেছে লেখো)

(Continued)

(চ) "স্বপ্নের কথায় মানহানি কি হবার পারে?" বক্তা কে?

(১) শ্রীমন্ত

(২) রহিমুদ্দি

(৩) সরেমামুদ

(৪) ফুলজান

(শুদ্ধ উত্তর বেছে লেখো)

(ছ) 'ছেঁড়া তার' নাটকে মহিমবাবুর বন্ধু কে?

(১) প্রশান্ত

(২) সিদ্ধার্থ

(৩) প্রবাল

(৪) সুশান্ত

(শুদ্ধ উত্তর বেছে লেখো)

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৪=৮

(ক) "তোমাকে আমি বেশ চিনি—যুদ্ধের নামে তুমি নাচো।" বক্তা কে? যুদ্ধের নামে কে নাচেন?

(খ) "তুমি মহম্মদকে ফিরিয়ে দিয়েছ। আজ আমার ভাই দারাকে বাঁচালে।" কার উদ্দেশ্যে, কে এই কথা বলেছেন?

(গ) "আজি তোর মৌৎ হইবে।" কে, কাকে এমন কথা বলেছে?

(ঘ) কোন্ নাট্যগোষ্ঠী সর্বপ্রথমে ‘ছেঁড়া তার’ মঞ্চ পরিবেশন করে? ঐ মঞ্চায়নে রহিমুদ্দির ভূমিকায় বাংলার কোন্ প্রখ্যাত অভিনেতা অবতীর্ণ হয়েছিলেন?

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো তিনটি) : $৫ \times ৩ = ১৫$

(ক) “আমি মুখে মোরাদের বিদূষক।” উক্তিটির আড়ালে কোন্ সত্য লুকিয়ে আছে?

(খ) “জয়সিংহ—দারা আপনার কে? সেও মুসলমান, ঔরঞ্জীবও মুসলমান।” উক্তিটির আড়ালে বক্তার অভিপ্রায় কী?

(গ) টীকা লেখো :

সোলেমান অথবা মহামায়া

(ঘ) টীকা লেখো :

শ্রীমন্ত অথবা সরেমামুদ

(ঙ) “মড়া মানুষ খায়া শিয়াল কুত্তার এমন ত্যাজ হইছে যে মানুষ দেখি আর ডরায় না।” সপ্রসঙ্গ ব্যাখ্যা করো।

৪। ক—গুচ্ছ এবং খ—গুচ্ছ, প্রতি গুচ্ছ থেকে অন্তত একটি করে মোট তিনটি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ৩ = ৩০$

ক—গুচ্ছ

(ক) “দ্বিজেন্দ্রলাল প্রধান চরিত্রের নাট্যসংঘাত দিয়েই ‘সাজাহান’ নাটক শুরু করেছেন। তাঁর নাটক দেখতে কোনো দর্শক যদি বিলম্বে আসেন তাহলে তিনি অনেক কিছু থেকেই বঞ্চিত হবেন।” ‘সাজাহান’ নাটকের আলোয় উক্তিটি বিশদ করো।

(খ) “‘সাজাহান’ নাটকের দুটি দুঃখময় চরিত্র হল দারা ও সুজা।” দারা ও সুজার দুঃখ-বেদনার স্বরূপ আলোচনা করো।

(গ) ‘সাজাহান’ নাটকে গানের ব্যবহারে দ্বিজেন্দ্রলালের কুশলতা বিচার করো।

খ—গুচ্ছ

(ক) ‘ছেঁড়া তার’ নাটকখানি কোন্ গুণে বাংলা নাট্যজগতে এক অবিস্মরণীয় গৌরবের অধিকারী, বুঝিয়ে লেখো।

(খ) ‘ছেঁড়া তার’ নাটকে ফুলজান চরিত্রের নাট্যোপযোগিতা বিচার করো।

(গ) ‘ছেঁড়া তার’ নাটকের নামকরণের সার্থকতা একাধিক যুক্তিযোগে আলোচনা করো।
